



ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ (ಕರ್ನಾಟಕ)

ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ, ಕರ್ನಾಟಕ

**Job Category:** Medical/Healthcare/Pharma

**Job Source:** ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ ಕರ್ನಾಟಕ

## Job Summary

**Posted On:** 27 Nov 2024

**Application Deadline:** 15 Dec 2024







# বাংলাদেশ ব্যাংক

রাজশাহী।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংক, রাজশাহী অফিসে অস্থায়ী ভিত্তিতে ১(এক) জন খণ্ডকালীন (পূর্ণ কর্মদিবস) চিকিৎসক (পুরুষ) নিয়োগের নিমিত্ত প্যানেল প্রস্তুতির জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

- ০১। উক্ত পদের জন্য প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রীধারী হতে হবে। অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে।
- ০২। প্রতি কর্মদিবসে ০৮ ঘণ্টা (বর্তমানে সকাল ১০.০০টা হতে সন্ধ্যা ৬.০০টা) পর্যন্ত ব্যাংক চিকিৎসা কেন্দ্রে উপস্থিত থেকে সেবা প্রদান করতে হবে।
- ০৩। 'কাজ নেই সম্মানী নেই' ভিত্তিতে দৈনিক ২৬০০/- (টাকা দুই হাজার ছয় শত মাত্র) হারে মাস অন্তে সম্মানী প্রদান করা হবে। অন্য কোন আর্থিক সুবিধা প্রদান করা হবে না এবং কোন ধরনের ছুটি প্রাপ্য হবেন না।
- ০৪। সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে এবং এ নিয়োগ যে কোন পক্ষের ১৫ (পনের) দিনের নোটিশে বা ১৫ (পনের) দিনের সম্মানীর সমপরিমাণ অর্থ প্রদান বা সমর্পণ সাপেক্ষে বাতিল করা যাবে।
- ০৫। ব্যাংকের বিদ্যমান চিকিৎসা নীতিমালা অনুযায়ী ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী/ব্যাংক কর্তৃক চিকিৎসা সুবিধা পাওয়ার যোগ্য ব্যক্তিবর্গকে সেবা প্রদান করতে হবে।
- ০৬। ব্যাংকের শৃঙ্খলামূলক যাবতীয় বিধি-বিধান মেনে চলতে হবে।
- ০৭। অন্যত্র পেশাগত কর্মকাণ্ডের কারণে ব্যাংকে দায়িত্ব পালনে বিঘ্ন ঘটানো যাবে না।
- ০৮। ব্যাংকের স্বার্থ হানীকর কোন কাজে জড়িত হতে পারবেন না।
- ০৯। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত যথা : (ক) প্রার্থীর পূর্ণ নাম বাংলা ও ইংরেজিতে, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) জন্ম তারিখ, (ঙ) ১৫/১২/২০২৪ তারিখে বয়স [সর্বোচ্চ ৪৫ বছর], (চ) স্থায়ী ঠিকানা, (ছ) বর্তমান ঠিকানা, (জ) ধর্ম, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে), (ঠ) জাতীয় পরিচয়পত্রের নম্বর এবং (ড) মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ১০। প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি এর রেজিস্ট্রেশন) ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৩ (তিন) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ১১। প্রার্থীর আবেদনপত্র খাম বন্ধ অবস্থায় অবশ্যই ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/ব্যক্তিগতভাবে সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১৫/১২/২০২৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে।
- ১২। আবেদনপত্র গ্রহণ/যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। খামের উপরে 'খণ্ডকালীন (পূর্ণ কর্মদিবস) চিকিৎসক (পুরুষ) পদের জন্য দরখাস্ত' কথাটি লেখা থাকতে হবে।
- ১৪। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ডিসিপি : ৪৮/২০২৪-২৮৫০

তারিখ : ১৪/১২/২০২৪

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা  
কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।

মোঃ মতিয়ার রহমান মোল্লা  
পরিচালক (প্রশাসন)